

প্রশিক্ষণ সংক্রান্ত পরামর্শ

❖ ১) সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কোর্স :

প্রতি বছরে ৩টি ব্যাচ, প্রতি ব্যাচে ৩০ জন। কমপক্ষে ৫ম শ্রেণী পাস, বয়স- ১৮ থেকে ৪০ বছর।

ব্যাচ নং	ব্যাচ শুরু হওয়া মাসের নাম	মেয়াদী
০১.	০২.	০৩.
১ম ব্যাচ	জুলাই হতে অক্টোবর	৪মাস
২য় ব্যাচ	নভেম্বর হতে ফেব্রুয়ারী	৪মাস
৩য় ব্যাচ	মার্চ হতে জুন	৪মাস

আগ্রহী প্রার্থীগণ প্রশিক্ষণ শুরুর ৩০ দিন আগে জাতীয় মহিলা সংস্থা, খাগড়াছড়ি জেলা কার্যালয়, কেন্দ্রীয় মারমা উন্নয়ন সংসদ ভবন (১ম তলা) পানখাইয়া পাড়া, খাগড়াছড়ি সদর হতে সরাসরি ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় ছবি ও কাগজপত্র সংযুক্ত করে আবেদন পত্র জমা দিতে হবে। এরপর প্রাপ্ত আবেদন পত্র সমূহ যাচাই-বাছাই করে প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ভর্তির জন্য সুযোগ প্রদান করা হবে। ভর্তিকৃত প্রশিক্ষার্থীদেরকে দৈনিক উপস্থিত ভাতা ১০০ টাকা হারে ও প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করা হবে। কোর্স ফি সম্পূর্ণ বিনামূল্যে।

❖ ২) ব্লক বাটিক এন্ড স্ক্রীণ প্রিন্ট প্রশিক্ষণ :

প্রতি বছরে ৪ব্যাচ, প্রতি ব্যাচে ৫০ জন, কমপক্ষে ৮ম শ্রেণী পাস, বয়স- ১৮ থেকে ৪০ বছর।

ব্যাচ নং	ব্যাচ শুরু হওয়া মাসের নাম	মেয়াদী
০১.	০২.	০৩.
১ম ব্যাচ	জুলাই হতে সেপ্টেম্বর	০৩ মাস
২য় ব্যাচ	অক্টোবর হতে ডিসেম্বর	০৩ মাস
৩য় ব্যাচ	জানুয়ারী হতে মার্চ	০৩ মাস
৪র্থ ব্যাচ	এপ্রিল হতে জুন	০৩ মাস

আগ্রহী প্রার্থীগণ প্রশিক্ষণ শুরুর ৩০ দিন আগে ব্লক বাটিক এন্ড স্ক্রীণ প্রিন্ট প্রশিক্ষণ কেন্দ্র, রাজ্যমুনি পাড়া, খাগড়াছড়ি সদর হতে সরাসরি ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় ছবি ও কাগজপত্র সংযুক্ত করে আবেদন পত্র জমা দিতে হবে। এরপর প্রাপ্ত আবেদন পত্র সমূহ যাচাই-বাছাই করে প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ভর্তির জন্য সুযোগ প্রদান করা হবে। ভর্তিকৃত প্রশিক্ষার্থীদেরকে উপস্থিত ভাতা হিসাবে দৈনিক ১০০ টাকা হারে ও প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করা হবে। কোর্স ফি সম্পূর্ণ বিনামূল্যে।

❖ ৩) জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ :

প্রতি বছরে ০২টি ব্যাচ। প্রতি ব্যাচে ৫০ জন, কমপক্ষে এস,এস,সি পাস, বয়স- ১৮ থেকে ৪০ বছর।

ব্যাচ নং	ব্যাচ শুরু হওয়া মাসের নাম	মেয়াদী
০১.	০২.	০৩.
১ম ব্যাচ	জুলাই হতে ডিসেম্বর	০৬ মাস
২য় ব্যাচ	জানুয়ারী হতে জুন	০৬মাস

ভর্তির আগ্রহী প্রার্থীগণ কোর্স শুরুর ৩০ দিনের আগে জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র, কেন্দ্রীয় মারমা উন্নয়ন সংসদ ভবন (১ম তলা) পানখাইয়া পাড়া, খাগড়াছড়ি সদর হতে সরাসরি ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় ছবি ও কাগজপত্র সংযুক্ত করে আবেদন পত্র জমা দিতে হবে। এরপর প্রাপ্ত আবেদন পত্র সমূহ যাচাই-বাছাই করে প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ভর্তির জন্য সুযোগ প্রদান করা হবে। কোর্সের মেয়াদ ৬ মাস। প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করা হয়। কোর্স ফি ১০০০/-।